# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার),ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৭৭১০৪৪০ , ০২৯৯৭৭১০৪৪৩ , E-mail :chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নংঃ ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/ ১২৭

তারিখঃ ২৮/০৮/২০২৫ খ্রি.

**বিষয়: এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা সেটার ও পরিশোধনকারী (মডারেটর) তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিষয়ভিত্তিক শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অধীন এসএসসি পরীক্ষার সেটার ও মডারেটর তৈরির লক্ষ্যে বিষয়ভিত্তিক শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রধানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তত্ত্বাবধানে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনা করবে। প্রশিক্ষণের বিষয়সমূহ হচ্ছে- ১. হিন্দুধর্ম শিক্ষা ২. বৌদ্ধধর্ম শিক্ষা ৩. খ্রিস্টধর্ম শিক্ষা ৪. বিজ্ঞান ৫. বাংলাদেশ ও বিশ্ব পরিচয় ৬. গার্হস্থ্যবিজ্ঞান ৭. বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা ০৮. পৌরনীতি ও নাগরিকতা ০৯.অর্থনীতি ১০.কৃষি শিক্ষা ১১. ভূগোল ও পরিবেশ ১২. রসায়ন ১৩. উচ্চতর গণিত ১৪.ফিন্যান্স ও ব্যাংকিং ১৫. হিসাববিজ্ঞান এবং ১৬.ব্যবসায় উদ্যোগ।

প্রশিক্ষণের জন্য শিক্ষক মনোনয়নের ক্ষেত্রে নিচের মানদণ্ডসমূহ বিবেচনা করতে হবে:

১. এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দুইটি ১ম বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ/ সিজিপিএ (অগ্রাধিকার পাবে)
২. সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;
৩. বিদ্যালয়ের অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিজ্ঞতা,
৪. নুন্যতম ১৫ (পনের) বছর চাকরি অবশিষ্ট থাকতে হবে;
৫. ১২ দিনের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের উপর প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণকে মনোনয়ন দেয়া যাবে না।

উল্লিখিত মানদন্ডের ভিত্তিতে প্রতি বিষয়ের ০১ জন করে শিক্ষক নির্বাচন করে আগামী **৩১/০৮/২০২৫ (রবিবার) বেলা ২টার মধ্যে** প্রশিক্ষণার্থীগণের নামের তালিকা পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ময়মনসিংহ conbisemym@gmail.com এ নিম্নের ছক অনুসরণ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রম | নাম ও পদবী | বিষয় | প্রতিষ্ঠানের ঠিকানা, মোবাইল নং ও ইমেইল |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

**বিষয়টি অতীব জরুরি**

২৮/০৮/২৫
(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোন : ০২৯৯৭৭১০৪৪২
Email : conbisemym@gmail.com

প্রাপক:
প্রধান শিক্ষক/অধ্যক্ষ
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের
সকল শিক্ষা প্রতিষ্ঠান।